

নম্বর: ৪৭.৬১.০০০০.২৬১.৩৩.২৩৩.১২.৪২৬


তারিখ: ২৯ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ
১৩ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: মেহেরপুর জেলার গাংনী উপজেলাধীন সততা সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ এর নিবন্ধন বাতিল সংক্রান্ত কারণ দর্শানো।

যেহেতু মেহেরপুর জেলার গাংনী উপজেলাধীন সততা সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ, (নিবন্ধন নং ১১/মেহের, তারিখঃ ১৩/০৯/২০১১ ; ১ম সংশোধনী- ২৩/খুল, তারিখঃ ০৫/০১/২০১২; ২য় সংশোধনী- ০৮/খুল, তারিখঃ ২১/০৩/২০১২) এর কার্যক্রম দীর্ঘদিন বন্ধ থাকায় সমিতির নিবন্ধন সরাসরি বাতিলের জন্য জেলা সমবায় অফিসার, মেহেরপুর কর্তৃক সুপারিশ করা হয়েছে।

সেহেতু, সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধন ২০০২ ও ২০১৩) এর ধারা ৫৩(ঙ) এ অর্পিত ক্ষমতা বলে উক্ত সমবায় সমিতির নিবন্ধন কেন সরাসরি বাতিল করা হবে না তার সন্তোষজনক ব্যাখ্যা যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আগামী ৩০/০৭/২০২৩ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিল করার জন্য অনুরোধ করা হলো। উল্লিখিত সময়সীমার মধ্যে কোন সন্তোজনক জবাব না পাওয়া গেলে সমিতির নিবন্ধন আদেশ সরাসরি বাতিল করা হবে।



১৩-০৭-২০২৩

মো. মিজানুর রহমান
বিভাগীয় যুগ্ম-নিবন্ধক

০২-৪৭৭৭০১৯৮১

jr.khulna@coop.gov.bd

বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জনাব মোঃ জাহিদুল ইসলাম, সভাপতি, সততা সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ, গাংনী, মেহেরপুর;
- ২। জনাব মোঃ নাজমিন নাহার, সম্পাদক, সততা সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ, গাংনী, মেহেরপুর;
- ৩। মোঃ সাজেদুল ইসলাম, পরিদর্শক, অডিট, আইন ও সমিতি শাখা, বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনা (তাকে বর্ণিত কারণ দর্শানো নোটিশটি ওয়েবপোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো);
- ৪। উপজেলা সমবায় অফিসার, গাংনী, মেহেরপুর (তাকে সমিতির নিকট কারণ দর্শানোর পত্রটি বিলি করে প্রাপ্তিস্বীকারপত্র এ দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো);
- ৫। জেলা সমবায় অফিসার, মেহেরপুর এবং
- ৬। জেলা সমবায় কর্মকর্তা সকল (খুলনা বিভাগ)। (তঁার জেলায় বর্ণিত সমিতির কোন কার্যক্রম বা আর্থিক সংশ্লিষ্টতা থাকলে এ দপ্তরকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।

